সমকাল

তারিখ: 05 DEC 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৬

# ১৩ ক্লাবে হাউজি খেলায় নিষেধাজ্ঞা

■ সমকাল প্রতিবেদক

ঢাকা ক্লাবসহ দেশের ১৩টি অভিজাত ক্লাবে টাকার বিনিময়ে হাউজি, ডাইস ও কার্ড খেলা বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি শেখ হাসান আরিফ সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এক রিট আবেদনের শুনানি নিয়ে গতকাল রোববার এ আদেশ দেন। অন্য ক্লাবগুলো হলো- উত্তরা ক্লাব, গুলশান ক্লাব, ধানমণ্ডি ক্লাব, বনানী ক্লাব, অফিসার্স ক্লাব ঢাকা, ঢাকা লেডিস ক্লাব, ক্যাডেট কলেজ ক্লাব, চিটাগাং ক্লাব, চিটাগাং সিনিয়রস ক্লাব, নারায়ণগঞ্জ ক্লাব, সিলেট ক্লাব ও খুলনা ক্লাব।

আদেশে এ ১৩ ক্লাবকে এ ধরনের কার্যক্রম থেকে বিরত রাখতে স্বরাষ্ট্র সচিব, পুলিশের মহাপরিদর্শক, ঢাকা ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৫

## ১৩ ক্লাবে হাউজি

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

মহানগর পুলিশ কমিশনার, চট্টগ্রাম মহানগর পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা, নারায়ণগঞ্জ জেলা প্রশাসকসহ ১২ জনকে নির্দেশ দেওয়া হয়েছে।

রুলে বেআইনিভাবে কার্ড, ডাইস ও হাউজি খেলার আয়োজনকারীদের বিরুদ্ধে কেন যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেওয়া হবে না, তা আগামী চার সপ্তাহের মধ্যে উল্লিখিত ক্লাবগুলোর প্রেসিডেন্ট/ চেয়ারম্যানসহ ২৫ বিবাদীকে জানাতে বলা হয়েছে।

আইন অনুসরণ না করে এই ১৩ ক্লাবে হাউজি, ডাইস ও কার্ড খেলা আয়োজনের বৈধতা চ্যালেঞ্জ করে গত ৩০ নভেম্বর হাইকোর্টে এ রিট আবেদন করেন দুই আইনজীবী সামিউল হক ও রোকন উদ্দিন মো. ফারুক। আদালতে রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন আইনজীবী রেদোয়ান আহমেদ রানজিব ও রেজাউল করিম। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেসুর রহমান।